

# ସ୍ମୃତିଭାବିତ୍ୟ

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ভিসির অপসারণ দাবিতে কুশ পুত্রলিকা দাহ

প্রকাশ : ২১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত



দুর্নীতির অভিযোগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ফারজানা ইসলামের অপসারণ দাবিতে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীরা ভিসির কুশপুত্রলিকা দাহ করেছেন। আন্দোলনকারীরা 'দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর' ব্যানারে রোববার দুপুরে সমাজবিজ্ঞান অনুষদের সামনে থেকে একটি বিশ্বাস মিছিল বের করে। মিছিলটি দুটি প্রশাসনিক ভবন ঘূরে শহীদ মিনারে এসে শেষ হয়। সেখানে ভিসি অধ্যাপক ফারজানার কুশপুত্রলিকা দাহ করেন তারা।

এর আগে ছাত্র ইউনিয়ন জাবি সংসদের সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম অনিক বলেন, ‘সীমাহীন দুর্নীতির মাধ্যমে ভিসি বিশ্ববিদ্যালয়কে কলঙ্কিত করেছেন। তার স্বৈরাচারী মনোভাবের কারণে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামো ভেঙে পড়েছে। আজকের পর থেকে তিনি আর কোনো প্রশাসনিক কার্যক্রমে অংশ নিতে পারবেন না।’

আন্দোলনের মুখ্যপাত্র দর্শন বিভাগের অধ্যাপক রায়হান রাইন বলেন, ‘এই ভিসি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জন্য কলঙ্ক। তাকে সমস্মানে পদত্যাগের আহ্বান করা সত্ত্বেও তিনি তা করেননি। তার অপকর্মের বিষয়ে জানিয়ে আমরা আচার্যের কাছে চিঠি দিয়েছি। কিন্তু এখনও কেনো ব্যবস্থা নেয়া হয়নি। তাই আমাদের কঠোর কর্মসূচিতে যেতে হচ্ছে। কুশপুত্রিকা দাহের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় থেকে দুর্বীতিবাজ ভিসির অস্তিত্বকে বিলুপ্ত ঘোষণা করছি।’ কর্মসূচিতে অধ্যাপক খবির উদ্দিন, জামাল উদ্দিন রুনু, আনোয়ারুল্লাহ ভূঁইয়া, অধ্যাপক সাঈদ ফেরদৌস, অধ্যাপক তারেক রেজা, নাজমুল হাসান তালুকদার প্রমুখসহ ছাত্র ইউনিয়ন, ছাত্রফন্ট, ছাত্রফন্ট (মার্কসাদী), জাহাঙ্গীরনগর সাংস্কৃতির জোট, বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের জাবি শাখার নেতৃত্বকৰ্মীরা অংশ নেন। অপরদিকে রোববার সন্ধ্যায় ভিসির পক্ষের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের সমিলিত সংগঠন ‘অন্যায়ের বিপক্ষে এবং উন্নয়নের পক্ষে জাহাঙ্গীরনগর’ ব্যানারে ফানুস উড়ান। এ কর্মসূচির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও সার্বিক পরিবেশ আলোকিত হবে বলে আশা সংগঠনটির নেতৃদের।

ভারপ্রাণ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।